দৈনিক সংবাদ
তারিখ 27 JUN 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

**ঢাঃ বিঃ ২০ জন ছাত্রের ভর্তি প্রসঙ্গ**

# ভর্তি কমিটির সভায় কোন সিদ্ধান্ত হয়নি, পক্ষে-বিপক্ষে প্রতিক্রিয়া

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির সভায় সদস্যদের মতদ্বৈততার কারণে ২০ জন ছাত্রের ব্যাপারে কোন সিদ্ধান্ত হয়নি। চূড়ান্ত নিষ্পত্তির জন্য বিষয়টি আগামী ৮ই জুলাই অনুষ্ঠিতব্য একাডেমিক কাউ-ন্সিলের সভায় পাঠানো হবে বলে সংশ্লিষ্টরা জানান।

ঐ ২০ জন ছাত্রের মধ্যে নাম প্রকাশে অনিচ্ছুক একজন মেধাবী ছাত্র জানান, প্রধানমন্ত্রীর অনুষ্ঠানের আগের দিন তারা যখন অনুষ্ঠানে রেজিস্ট্রেশনের জন্য যায় তখন শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বশীল কর্মকর্তারা তাদের বলেন, তারা যেন নিশ্চিন্তে অনুষ্ঠানে আসে, তাদেরকে বিশ্ববিদ্যালয়ে ভর্তির ব্যবস্থা করা হবে। ছাত্রটি জানায়, যারাই শিক্ষা মন্ত্রণালয়ের সাথে এ ব্যাপারে যোগাযোগ করে তাদেরকেই এই আশ্বাস দেয়া হয়েছে। অপরদিকে যারা বাণিজ্য অনুষদের ডিনের সাথে যোগাযোগ করেছে তাদেরকে স্পষ্ট জানিয়ে দেয়া হয়, বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চাইলে তাদেরকে নির্ধারিত সময়ে অবশ্যই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এই বিভ্রান্তিকর সিদ্ধান্তের ফল হিসেবেই ঢাকার বাইরের ২০ জন মেধাবী ছাত্র মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তাদের আশ্বাসের ভিত্তিতে অনুষ্ঠানে যোগ দিয়েছে এবং বর্তমানে ভর্তি সংক্রান্ত জটিলতায় পড়েছে। তাদের এখন অন্য কোথাও ভর্তি হবার সুযোগ নেই।

দীর্ঘ গ্রীষ্মকালীন ছুটির পর গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার দিনে ক্যাম্পাসে ২০ জন ছাত্রের ভর্তির পক্ষে-বিপক্ষে বিক্ষোভ মিছিল ও সমাবেশ হয়েছে। ডাকসু ভবনের সামনে জাতীয়তাবাদী ছাত্রদলের

ভর্তি ঃ পৃঃ ২ কঃ ৫

## ভর্তি ঃ প্রতিক্রিয়া

( ১ম পৃষ্ঠার পর )

এক সমাবেশে নেতৃবৃন্দ বলেন, যেকোন-ভাবে এই ছাত্রদের বিশ্ববিদ্যালয়ে ভর্তির ব্যবস্থা করতে হবে। প্রয়োজনবোধে তারা দৃঢ় কর্মসূচীর মাধ্যমে কর্তৃপক্ষকে ভর্তি করাতে বাধ্য করবেন। সমাবেশে বক্তব্য রাখেন এবিএম মোশারেফ, মনিরুজ্জামান মনির, মনির হোসেন ও শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি। অপরদিকে বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি বাহাদুর বেপারীর সভাপতিত্বে অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত এক সমাবেশে বাংলাদেশ ছাত্রলীগ (শা-পা) বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য রক্ষার্থে ২০ জন ছাত্রের অবৈধ ভর্তির আদেশ নিয়ে টালবাহানা না করে অবিলম্বে তা বাতিল করার দাবি জানিয়েছেন। পাশাপাশি এই মেধাবী ২০ জন ছাত্রের উচ্চ শিক্ষা গ্রহণের ব্যবস্থা করার জন্য প্রধানমন্ত্রী খালেদা জিয়ার প্রতি নেতৃবৃন্দ জোর দাবি জানান। সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না ও আবদুল ওয়াদুদ খোকন। মধুর কেন্টিনের সামনে গণতান্ত্রিক ছাত্রঐক্যের আরেকটি সমাবেশে নেতৃবৃন্দ ২০ জন ছাত্রের অবৈধ ভর্তি বাতিল করার দাবি জানান।

### শিক্ষক সমিতির প্রতিবাদ

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে ভিসি'র সাংবাদিক সম্মেলনের বক্তব্যে বিস্মিত ও ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। তারা বলেছেন, বিনা ভর্তি পরীক্ষায় ২০ জন ছাত্রছাত্রী ভর্তি করার বিষয়টি তাদের সাথে পরামর্শ করে গ্রহণ করা হয়েছে বলে ভিসি যে বক্তব্য দিয়েছেন তা সঠিক নয়। ভিসি'র এ বক্তব্য তাদের হেয় করার অপচেষ্টা। শিক্ষক সমিতি মনে করে, প্রচলিত নিয়মের বাইরে কোন প্রকার ভর্তি সকল নৈতিকতার পরিপন্থী এবং বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ সমুন্নত রাখার স্বার্থে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সর্বদাই নৈতিক অবস্থানে অটল আছে এবং থাকবে বলে জানানো হয়।